

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর অধিক্ষেত্রভুক্ত বিভিন্ন বিভাগ/সার্কেল/শাখার কিছু নথির কলেবর অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলে উক্ত নথিসমূহের কার্যক্রম সম্পাদনে ও নথি চলাচলে দারুণ বিঘ্ন সৃষ্টি হচ্ছে। উক্তরূপ পরিস্থিতির নিরসনকল্পে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আদেশ দেয়া হলো :

- (১) কোন নথির পত্রাংশের ক্রমিক ৭০০ এ উন্নীত হলে উক্ত নথির একটি অংশ-নথি খোলার জন্য সংশ্লিষ্ট শাখা সহকারী প্রস্তাব উপস্থাপন করবেন ;
 - (২) শাখা সহকারীর প্রস্তাব যথাযথ প্রতীয়মান হলে সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তা সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট নথিটি উপস্থাপন করবেন এবং বিভাগীয় কর্মকর্তা অনুমোদন প্রদান করবেন ;
 - (৩) বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হওয়ার পর নোটাংশের সব পাতা ফটোকপি করতে হবে। অতঃপর নোটাংশের সব পাতা মূল-নথিতে এবং ফটোকপি অংশ-নথিতে সংরক্ষণ করতে হবে। এছাড়া, নোটাংশের ক্রমিক নম্বর এর ধারাবাহিকতা বজায় রাখতে হবে। বন্ড কর্মকর্তা মূল-নথির নোটাংশের একটি পরিস্থিতিপত্র/সারসংক্ষেপ অংশ-নথিতে সংরক্ষণ/সন্নিবেশ করবেন। ইউপি নথির ক্ষেত্রে নোটাংশের সকল পাতা সংরক্ষণের পরিবর্তে শুধু একটি পরিস্থিতি পত্র তৈরী করতে হবে/এবং সহগ, অঙ্গীকার নামা এবং দাবীনামার তথ্য (যদি থাকে) পাট-নথিতে ডান পার্শ্বে পরিস্থিতি পত্রের সাথে সংরক্ষণ করতে হবে ;
 - (৪) লাইসেন্স নথির ক্ষেত্রে বন্ড লাইসেন্সের মূল কপির ফটোকপি মূল-নথিতে সংরক্ষণপূর্বক মূল লাইসেন্স অংশ-নথিতে স্থানান্তর করতে হবে। তাছাড়া, লাইসেন্স ইস্যুর পর কোনরূপ পরিবর্তন/পরিবর্ধন হয়ে থাকলে সে সকল তথ্য/আদেশের কপিও অংশ-নথিতে (পত্রাংশ) সংরক্ষণ করতে হবে ;
 - (৫) অনিয়ম মামলা/দাবীনামা অনিষ্পন্ন থাকলে সর্বশেষ অবস্থা উল্লেখপূর্বক একটি পরিস্থিতিপত্র অংশ-নথিতে সংরক্ষণ করতে হবে যা বন্ড কর্মকর্তা তৈরী করবেন এবং অনিয়ম মামলা/দাবীনামা সংক্রান্ত সকল প্রাসঙ্গিক কাগজপত্র ফটোকপিপূর্বক মূল-নথিতে এবং ফটোকপি অংশ-নথিতে সংরক্ষণ করতে হবে। পাশাপাশি, বন্ডকর্মকর্তা অংশ-নথি খোলার পূর্বে অনিয়ম মামলা/দাবীনামা (যদি থাকে) সংক্রান্ত বিষয়ে নিবিড়ভাবে যাচাই করবেন ; এবং
 - (৬) মূল-নথি শাখা সহকারী যথাযথভাবে সংরক্ষণ করবেন ।
- ০২। এ আদেশ জারীর তারিখ হতে এ সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিল বলে গণ্য হবে ।
- ০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

স্বাঃ/-

Dt. 18.05.2015

(মোঃ সাইফুল ইসলাম)

কমিশনার

ফোন-৯৩৪৭০০০ ।

তারিখ: ২০.০৫.২০১৫ খ্রিষ্টাব্দ ।

নথি নং-৫(১৩)১৯/বন্ড কমি:/স্থায়ী আদেশ/২০০২/পাট-১/২০০৯/১০৮৬৬(১-৯)

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

- ০১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ।
- ০২। যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ।
- ০৩। সহকারী কমিশনার (সকল), সদর দপ্তর, ঢাকা /ডিইপিজেড (পূর্ব/পশ্চিম)/আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ/অফ ডক/বিমান বন্দর, ঢাকা ।
- ০৪। প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ।
- ০৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ।
- ০৬। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট/বিমান বন্দর, ঢাকা ।
- ০৭। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট/বিমান বন্দর/ডিপ্লোমেটিক বন্ড (সকল), ঢাকা ।
- ০৮। শাখা সহকারী (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ।
- ০৯। পি,এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

স্বাঃ/-

Dt. 18.05.2015

(মোহাম্মদ হাবিবুর রহমান)

সহকারী কমিশনার

কমিশনারের পক্ষে